

সহজ ভাষায় সিএইচএস (CHS)

সিএইচএস এর নয়টি অঙ্গিকারের মূল ইংরেজি সহজ সংস্করণকে এই অনুবাদের ভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছে যা ট্রান্সলেটর উইদাউট বর্ডারসের কারিগরি সহায়তায় এই কাজে সম্পূর্ণ অভিজ্ঞ কার্যকরি একটি দল বিস্তৃতভাবে তুলে ধরেছে। সিএইচএস (CHS) এর সহজ সংস্করণটির লক্ষ্য হলো এতে বহুল ব্যবহৃত সাধারণ শব্দ ব্যবহার। এছাড়াও এতে সহজ বাক্য গঠন ও ক্রিয়াপদের ধরণ ব্যবহার করা হয়েছে যাতে এটি দ্রুত ও সঠিকভাবে বোঝা যায়।

ডকুমেন্টটির আসল উদ্দেশ্য হলো মানবিক সেবা সংগঠনগুলোর অঙ্গিকার এমনভাবে তুলে ধরা যাতে তা দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী ও ব্যক্তি সহজে বুঝতে পারেন।

আমাদের সংগঠনের কাছে দুর্যোগে ক্ষতিগ্রস্ত ব্যক্তির প্রত্যাশা

দুর্যোগ মোকাবেলায় কর্মরত সংগঠন আক্রান্ত জনগোষ্ঠীর সাথে কাজ করার সময় তাদের কাছে নয়টি করণীয় বিষয়ে অঙ্গিকার করে থাকে। এখানে সেই নয়টি অঙ্গিকার সহজ ভাষায় বর্ণনা করা হল, যাতে

আপনি আমাদের কাছে কী আশা করবেন তা জানতে পারেন।

জরুরি অবস্থা আমাদের জন্যও সমস্যা বয়ে আনতে পারে। তাই, অঙ্গিকার পালনে সবসময় আমাদের চেষ্টা সত্ত্বেও আমরা মাঝেমাঝে তা রাখতে সক্ষম নাও হতে পারি। তবে আমরা সময়ের ধারাবাহিকতায় আরো জানতে ও উন্নতি করতে চাই। তাই আপনি মতামত দিয়ে আমাদের সাহায্য করতে পারেন।

আমরা আমাদের সর্বোচ্চ চেষ্টা করব ...

1. আপনার প্রয়োজন বুঝতে ও মেটাতে।
2. আপনার প্রয়োজনে সাহায্য করতে।
3. ক্ষতি কাটিয়ে উঠতে ও ভবিষ্যতে এই ধরণের জরুরি অবস্থা মোকাবেলায় সহায়তা দিতে। আমরা আপনার কোনো ক্ষতি করব না।
4. আপনি কী ধরণের সহায়তা আশা করতে পারেন এবং আপনি কিভাবে মূল্যায়িত হবেন সে সম্পর্কে তথ্য জানাতে। আমাদের দেওয়া সহায়তা বিষয়ক সিদ্ধান্তের ব্যাপারে আপনাকে কথা বলার সুযোগ দিতে আমরা সর্বোচ্চ চেষ্টা করব।
5. যদি আপনি আমাদের সহায়তায় বা কোনো কর্মীর আচরণে অখুশি হন তবে আপনার সে সমস্যা নিয়ে যাতে অভিযোগ করতে পারেন তা নিশ্চিত করব। আপনি অভিযোগ করলে কেউ আপনার ক্ষতি করবে না। আমরা অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করব।
6. অন্যান্য সেবাদানকারি সংগঠনের সাথে কাজ করে আপনার প্রয়োজন মেটাতে আমরা আমাদের জ্ঞান ও সম্পদ একত্রিত করব।
7. অভিজ্ঞতা থেকে শিখতে চেষ্টা করব যাতে আমাদের সেবার মান সময়ের সাথে বাড়ে।
8. আমাদের কর্মীদের আপনাকে সেবা দেওয়ার মত তাদের দক্ষতা ও অভিজ্ঞতা নিশ্চিত করব।
9. অপচয় কমাতে ও আপনার জন্য সেরা ফলাফল নিয়ে আসতে দায়িত্বশীলতার সাথে সম্পদের ব্যবহার করব।

বিঃদ্রঃ “সম্পদ” বলতে বোঝায় জরুরি অবস্থায় ক্ষতিগ্রস্ত মানুষদের সহায়তার কাজে ব্যবহৃত মালপত্র, টাকাপয়সা, স্বাস্থ্যসেবা ইত্যাদি।